

God loves you

ঈশ্বর তোমাকে ভালবাসেন

তুমি কি জান যে, ঈশ্বর তোমাকে ভালবাসেন? তিনি তোমাকে খুব ভালবাসেন। তিনি তাঁর একমাত্র পুত্র, যীশু খ্রীষ্টকে তোমার জন্য প্রাণ দিতে পৃথিবীতে পাঠিয়ে দিলেন। ঈশ্বরের বই, বাইবেল আমাদের বলে যে, “ঈশ্বর মানুষকে এত ভালবাসলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপরে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।” (যোহন ৩: ১৬ পদ)

হয়ত তুমি মনে করতে পারো যে, যীশু খ্রীষ্টকে তোমার জন্য কেন প্রাণ দিতে হয়েছিল? বাইবেল বলে যে, “সবাই ঠিক পথ থেকে সরে গেছে, সবাই একসঙ্গে খারাপ হয়ে গেছে। ভাল কাজ করে এমন কেউ নেই, একজনও নেই।” (রোমীয় ৩: ১২খ), এবং “কারণ সবাই পাপ করেছে এবং ঈশ্বরের প্রশংসা পাবার অযোগ্য হয়ে পড়েছে।” (রোমীয় ৩: ২৩ পদ)

এই কথার অর্থ হল যে, এ পৃথিবীতে তোমার এবং আমার মত প্রত্যেকে তার জীবনে কোন না কোন খারাপ কাজ করেছে। যখন তুমি তোমার বোন অথবা ভাই অথবা স্কুলের অন্য কারো উপর রাগ করো, অথবা যখন তোমার মা-বাবা যা বলেন তা না করো, অথবা যখন তুমি মিথ্যা কথা বলো এবং কারো কাছে সত্য কথা না বলো তখন তুমি একটা খারাপ কাজ করো।

আমাদের খারাপ কাজের জন্যে যীশুকে প্রাণ দিতে হয়েছিল। যখন আমরা খারাপ কাজ করি তখন ঈশ্বর সেটা পছন্দ করেন না। তিনি খুব আঘাত পান এবং তাঁর খুব দুঃখ লাগে। তবে, একটা কাজ আছে যাতে ঈশ্বর আমাদের খারাপ কাজ ক্ষমা করতে পারেন এবং ভুলে যেতে পারেন। তোমাদের কি মনে হয়, সেই কাজটা কি হতে পারে? না! এই কাজটা গীর্জা অথবা সান্ডে-স্কুলে যাওয়া নয়। আমাদের বাবা-মায়েরা নিয়মিত গীর্জাতে যান বলেও নয়। এমনকি তা ভাল ভাল কাজ করাও নয়।

ঈশ্বর তোমার খারাপ কাজের কথা ভুলে যাবেন। এমনকি তিনি একদিন তোমাকে স্বর্গে নিয়ে যাবেন, যদি তুমি কেবল বিশ্বাস কর যে, তাঁর পুত্র যীশু খ্রীষ্ট, তোমার জন্য প্রাণ দিয়েছেন। আরও একবার যোহন ৩: ১৬ পড়ি, “ঈশ্বর মানুষকে এত ভালবাসলেন যে, তাঁর একমাত্র পুত্রকে তিনি দান করলেন, যেন যে কেউ সেই পুত্রের উপরে বিশ্বাস করে সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।” এই অংশে বলা হয়েছে যে, যদি তুমি ঈশ্বরের পুত্র, যীশু খ্রীষ্টকে বিশ্বাস কর তাহলে তুমি নষ্ট হবে না। এর অর্থ তুমি নরকে যাবে না। কিন্তু তুমি অনন্ত জীবন পাবে। যার মানে হল তুমি চিরকাল যীশুর সংগে থাকতে পারবে।

তুমি কি আজকেই যীশুকে বিশ্বাস করতে চাও?